# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 03.08.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) নিম্নচাপের দরুণ কয়েকদিনের লাগাতার বর্ষণে দক্ষিণ ও উত্তরবঙ্গের বিভিন্ন এলাকা বানভাসি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

কোনোরকম আলোচনা না করে ডিভিসির বিরুদ্ধে জল ছাড়ার অভিযোগ রাজ্য সরকারের।

২) রাজ্যের ওপর থাকা গভীর নিম্নচাপ ক্রমশ ঝাড়খন্ডের দিকে সরছে। দক্ষিণবঙ্গে বৃষ্টি কমলেও উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

৩) রাজ্যে শিল্প বিকাশের লক্ষ্যে আইন মোতাবেক দুটি বেসরকারি শিল্প সংস্থাকে গড়বেতায় জমি দেওয়া হয়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৪) স্কুল শিক্ষা দপ্তর, এক হাজার ৮৪টি স্কুলের ল্যাবরেটরির মানোন্নয়নে ২৩ কোটি টাকার বেশি মঞ্জুর করেছে।

৫) কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে মহমেডান স্পোর্টিং ও ডায়মন্ড হারবার এফসির মধ্যে খেলা ১-১ গোলে শেষ হয়েছে।

---

বর্ষার মরশুমে বৃষ্টির ঘাটতি থাকলেও নিম্নচাপের দরুণ কয়েকদিনের লাগাতার বর্ষণে দক্ষিণ ও উত্তরবঙ্গের বিভিন্ন এলাকা বানভাসি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। ডিভিসি সহ বিভিন্ন বাঁধ থেকে জল ছাড়া শুরু হয়েছে।

পাঞ্চেত ও মাইথন জলাধার থেকে সকালে জল ছাড়ার পরিমাণ ছিল ৭৫ হাজার কিউসেক। পাঞ্চেত থেকে ৬৫ হাজার ও মাইথন থেকে ১০ হাজার কিউসেক জল ছাড়া হচ্ছে বলে আমাদের জেলা সংবাদদাতা তনুশ্রী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। এই পরিমাণ আরও বাড়তে পারে বলে জানিয়েছে কেন্দ্রীয় জল কমিশন। ঝাড়খন্ডে প্রচুর বৃষ্টিপাতের প্রেক্ষিতে তেনুঘাট জলাধার থেকে প্রচুর পরিমাণে জল ছাড়া হচ্ছে। স্বাভাবিকভাবে পাঞ্চেত জলাধার থেকেও জল ছাড়ার পরিমাণ বাড়বে। নদী অববাহিকা অঞ্চলের বাসিন্দাদের উদ্দেশে কমিশনের তরফে হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বীরভূমের তিলপাড়া বাঁধ থেকেও সাড়ে ৫ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। হুগলী জেলার বেশ কিছু অঞ্চল ইতোমধ্যে জলমগ্ন। তবে দক্ষিণবঙ্গের  কংসাবতী নদীতে জলস্তর এখনও বিপদসীমার নীচেই রয়েছে।

উত্তরবঙ্গে প্রবল বর্ষণের মধ্যেই তিস্তায় জারি হয়েছে হলুদ সতর্কতা। এদিকে আগামী কয়েকদিন ভারি থেকে অতি ভারি বৃষ্টির সতর্কতা থাকায় উদ্বিগ্ন তিস্তা নদী সংলগ্ন এলাকার বাসিন্দারা। জলপাইগুড়ির দোমহনী ও মেখলিগঞ্জে বাংলাদেশ সীমান্ত পর্যন্ত অসংরক্ষিত এলাকায় সতর্কতা জারি করা হয়েছে বলে খাবর।

কোনোরকম আলোচনা না করেই ডিভিসি প্রায় এক লক্ষ কিউসেক জল ছাড়তে চলেছে বলে রাজ্য সরকার অভিযোগ করেছে। আজ নবান্নে বন্যা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা বিভিন্ন জেলার জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। এক সাংবাদিক সম্মেলনে **মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা** আলাপন বন্দ্যোপাধ্যায় বলেছেন, পরিস্থিতি মোকাবিলায় রাজ্য প্রশাসন তৎপর রয়েছে। নীচু এলাকার বাসিন্দাদের সুরক্ষিত জায়গায় সরে যাওয়ার পরামর্শ দিয়েছেন তিনি। এব্যাপারে নবান্ন থেকে সংশ্লিষ্ট জেলাগুলিকে প্রয়োজনীয় নির্দেশও দেওয়া হয়েছে।

বাইট আলাপন

সেচ, বিপর্যয় ব্যবস্থাপনা সহ বিভিন্ন বিভাগে কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। পাশাপাশি পর্যাপ্ত ত্রাণ মজুত ও জেলা এবং মহকুমা স্তরে চালু করতে বলা হয়েছে কন্ট্রোল রুম।

এদিকে, ঝাড়খন্ডের ওপর সৃষ্ট নিম্নচাপটি আজ সকালে গভীর নিম্নচাপের আকার নিয়েছে। এছাড়াও মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের বিস্তীর্ণ অঞ্চলে বৃষ্টি হচ্ছে। সেটি ঝাড়খন্ডের দিকে সরে যাওয়ায় আজ থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা কমলেও উত্তরবঙ্গে বৃষ্টি আরও বাড়বে। দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার ও কালিম্পং পাঁচ জেলাতেই আগামী বুধবার পর্যন্ত ভারি থেকে অতিভারি বৃষ্টি হতে পারে।

এদিকে, অমাবস্যার ভরা কটালের কারণে দক্ষিণ ২৪ পরগণার উপকূলবর্তী এলাকার মানুষজন উদ্বেগে রয়েছেন। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট গৌতম

হরপা বানের আশঙ্কা রয়েছে পূর্ব মেদিনীপুর, হাওড়া, দক্ষিণ ২৪ পরগণার কয়েকটি অংশে।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, ডিভিসির জল ছাড়াতে বাংলার বিপদ বাড়বে। গ্রীষ্মের সময় কৃষি বা সেচে জল চেয়েও মেলেনা। এদিকে, সামনেই অমাবস্যার ভরা কোটালের পরিস্থিতির দিকে মুখ্যমন্ত্রী নজর রাখছেন বলে কুনাল বাবু জানান।

রাজ্যের শাসকদল বিষয়টি নিয়ে ডিভিসির দিকে দায় ঠেললেও রাজ্য সরকার বাঁধগুলির রক্ষণাবেক্ষণে আদৌ কোনো কাজ করেছে কিনা, সে প্রশ্ন তুলেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার।

অন্যদিকে, রাজ্য বিজেপি মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন,

বাইট শমীক

------------------------

রাজ্যে শিল্প বিকাশের লক্ষ্যে সরকার আইন মোতাবেক, বর্তমান বাজার মূল্যে পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় দুটি বেসরকারি শিল্প সংস্থাকে কারখানা গড়তে জমি দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় আজ নবান্নে সাংবাদিকদের বলেন, শিল্প সংস্থা বেলি অ্যালায়েজ লিমিটেড ও ক্যাপ্টেন ইন্ড্রাস্টিজ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-কে যথাক্রমে ২৪২ দশমিক ৪/৩ একর ও ৭৫ দশমিক ৬/২ একর জমি দেওয়া হয়েছে। ভারত সরকারের অর্থ দপ্তরের অধীনে থাকা সংশ্লিষ্ট বিভাগের মূল্যায়নের ভিত্তিতে সংস্থা দুটি জমির দাম বাবদ রাজ্য সরকারকে যথাক্রমে ৩০ কোটি ৪৬ লক্ষ ৫০ হাজার ও ১২ কোটি ১৮ লক্ষ ৬০ হাজার টাকা মিটিয়ে দিয়েছে বলেও তিনি জানান।

------------------------

রাজ্যের স্কুল শিক্ষা দপ্তর, উচ্চ মাধ্যমিক স্তরে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও জিওগ্রাফির ল্যাবরেটরিগুলির পরিকাঠামোগত উন্নতির জন্য চলতি অর্থবর্ষে ২৩ কোটি ৯ লক্ষ ৩০ হাজার টাকা অনুদান মঞ্জুর করেছে। রাজ্যের এক হাজার ৮৪ টি সরকারি সাহায্যপ্রাপ্ত ও স্পন্সর্ড উচ্চ মাধ্যমিক স্কুলের জন্য এই অর্থ বরাদ্দ করা হয়েছে। রাজ্য সরকারের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি। সংগঠনের সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন, রাজ্যের বিদ্যালয়গুলির

পরিকাঠামোগত উন্নয়ন না হওয়ার কারণে বহু স্কুলে দুর্ঘটনা ঘটছে। পাশাপাশি তিনি অবিলম্বে শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগেরও দাবি জানিয়েছেন।

------------------------

তৃণমূল কংগ্রেসের একটি প্রতিনিধি দল কেরলের ধস বিধ্বস্ত ওয়ায়নাড়ে পৌঁছেছে। দলে রয়েছেন সাংসদ সাকেত গোখলে ও সুস্মিতা দেব। ক্ষতিগ্রস্ত এলাকাগুলি ঘুরে দেখে তাঁরা স্থানীয়দের সঙ্গেও কথা বলছেন।

------------------------

চলতি বর্ষার মরসুমে রাজ্যের বিভিন্ন পুরসভা এলাকায় ডেঙ্গু মোকাবিলায় রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। পুরমন্ত্রী ফিরহাদ হাকিমের পৌরহিত্যে আগামী বৃহস্পতিবার ধনধান্য প্রেক্ষাগৃহে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে স্বাস্থ্য, পুর দপ্তরের আধিকারিকরা ছাড়াও সব পুরসভার চেয়ারম্যান ও মেয়রদের নির্দেশ দেওয়া হয়েছে। থাকবেল রোগ বিশেষজ্ঞরাও। পাশাপাশি জমে থাকা জল দ্রুত সরাতেও পৌরসভাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে বলে পুরমন্ত্রী জানিয়েছেন।

------------------------

পূর্ব মেদিনীপুরের তাজপুর সমুদ্র সৈকত এলাকায় বেআইনী দখলদার উচ্ছেদ করতে গিয়ে রাজ্যের মন্ত্রী অখিল গিরির অভব্য আচরণের সামনে বনদপ্তরের এক মহিলা আধিকারিকরে পড়তে হয়েছে বলে অভিযোগ উঠেছে। সংবাদমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে কারামন্ত্রী, ঐ বিধায়ককে দেখে নেওয়ার হুমকি দিচ্ছেন বলে দেখা গেছে।

জানা গেছে, বনদপ্তরের জমি দখল করে অবৈধভাবে দেকান বসানো হয়েছিল। আইন মোতাবেক তাদের সরে যেতে বলা হলে রামনগরের বিধায়ক, কারামন্ত্রী অখিল গিরি অভব্য আচরণ করেন। মারধররেও তিনি হুমকি দিয়েছেন বলে অভিযোগ।

এর আগেও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেছিলেন অখিল গিরি।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ, অখিল গিরির আচরণের তীব্র সমালোচনা করেছেন। এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, যেভাবে অখিল বাবু মহিলা অফিসারের সঙ্গে দুর্ব্যবহার করেছেন, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

কারামন্ত্রীর মন্তব্যের তীব্র সমালোচনা করেছে বিজেপিও। দলের বিধানসভার মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, এটাই তৃণমূলের দলীয় সংস্কৃতি।

বারবার অভব্য আচরণের পরও অখিল গিরি কিভাবে নিজের পদে বহাল আছেন, সেই প্রশ্ন তুলেছেন সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

------------------------

লক্ষ কন্ঠে গীতা পাঠ কমিটির আহ্বায়ক জগদার্তিহা দাসকে চক্রান্ত করে গ্রেপ্তার করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। মায়াপুর বামুনপুকুর এক নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি জমির চরিত্র বদল না করে বিদেশীদের কাছে তা বিক্রি করে দেওয়ার অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। গতকাল নবদ্বীপ আদালতে তোলা হলে বিচারক ৫ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন।

চক্রান্ত করে জগদার্তিহা দাসকে ফাঁসানো হয়েছে বলে বিজেপির রাজ্য কিষাণ মোর্চার সভাপতি মহাদেব সরকার অভিযোগ করেছেন। তিনি বলেন, কয়েক বছর আগে

নবদ্বীপে কসাইখানা স্থাপনের বিরুদ্ধে প্রতিবাদে মুখর হয়েছিলেন তিনি। সেই কারণেই তাকে শাসকদলের রোষানলে পড়তে হয়েছে। তাকে মুক্ত না করা হলে দল বৃহত্তর আন্দোলনের কর্মসূচী নেবে বলে জানিয়েছেন মহাদেব বাবু।

------------------------

ভারতীয় যাদুঘর, বাঁশবেড়িয়া পুরসভা ও ত্রিবেণী কুম্ভ পরিচালনা সমিতির যৌথ প্রয়াসে বাঁশবেড়িয়ার হংসেশ্বরী অতিথি নিবাসে একটি অস্থায়ী সংগ্রহশালার (মিউজিয়াম) সূচনা হয়েছে।

বাঁশ বেড়িয়ার পুরপ্রধান আদিত্য নীয়োগী ও  বাঁশবেড়িয়া শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ আশ্রমের স্বামী প্রেমাত্মানন্দ  প্রদর্শনশালার উদ্বোধন করেন। পঞ্চম থেকে দ্বাদশ শতকের বহু প্রত্নতাত্ত্বিক নিদর্শন এতে স্থান পেয়েছে। আগামী সাত তারিখ পর্যন্ত সকাল সাড়ে দশটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত প্রদশর্নশালা খোলা থাকবে।

------------------------

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে নৈহাটি স্টেডিয়ামে আজ মহামেডান স্পোর্টিং ও ডায়মন্ডহারবার এফ সির মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। বিরতিতে ডায়মন্ডহারবার ক্লাব ১-০ গোলে এগিয়ে ছিলো। অন্য ম্যাচে সাদার্ন সমিতি ৪-০ গোলে আর্মি রেড দলকে হারিয়ে দেয়। মেসারাস ক্লাব ও এরিয়ান এর মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।

------------------------ ------------------------